

# 💵 মুখতাসার সহীহ আল-বুখারী

হাদিস নাম্বারঃ ৬১ [আন্তর্জাতিক নাম্বারঃ ৬৭]

৩. কিতাবুল ইলম (كتاب العلم)

পরিচ্ছেদঃ যাদেরকে হাদীছ শুনানো হয় তাদের অনেক লোক এমন রয়েছে যে, যারা উপস্থিত ব্যক্তির চেয়ে অধিক সংরক্ষণকারী হয়ে থাকে

باب قَوْلِ النَّبِيِّ صلى الله عليه وسلم "رُبَّ مُبَلَّغٍ أَوْعَى مِنْ سَامِعٍ "

### আরবী

الله عن أبي بَكْرَةَ قال: قَعَدَ النَّبِيَّ عَلَى بَعِيرِهِ وَأَمْسَكَ إِنْسَانٌ بِخِطَامِهِ أَوْ: بِزِمَامِهِ قَالَ أَيُّ يَوْمٍ هَذَا؟ فَسَكَتْنَا حَتَّى ظَنَنَّا أَنَّهُ سَيُسَمِّيهِ سِوَى اسْمِهِ. قَالَ أَلَيْسَ يَوْمَ النَّحْرِ؟ قُلْنَا بَلَى. قَالَ قَأْيُ شَهْرٍ هَذَا؟ فَسَكَتْنَا حَتَّى ظَنَنَّا أَنَّهُ سَيُسَمِّيهِ بِغَيْرِ اسْمِهِ. فَقَالَ أَلَيْسَ بِذِي الْحِجَّةِ؟ قَالَ قَأْيُ شَهْرٍ هَذَا؟ فَسَكَتْنَا حَتَّى ظَنَنَّا أَنَّهُ سَيُسَمِّيهِ بِغَيْرِ اسْمِهِ. فَقَالَ أَلَيْسَ بِذِي الْحِجَّةِ؟ قُلْنَا بَلَى. قَالَ فَإِنَّ دِمَاءَكُمْ وَأَمْوَالَكُمْ وَأَعْرَاضَكُمْ بَيْنَكُمْ حَرَامٌ كَحُرْمَةِ يَوْمِكُمْ هَذَا، فِي الْعَالَى السَّاهِدُ الْغَائِبَ فَإِنَّ الشَّاهِدَ عَسَى أَنْ يُبَلِّغَ مَنْ هُو أَوْعَى لَهُ مِنْهُ. (بخارى: اللهَ اللهُ مِنْهُ. (بخارى: اللهُ مِنْهُ. (بخارى: اللهُ مِنْهُ. (بخارى: اللهَ اللهُ مِنْهُ. (بخارى: اللهَ اللهُ الل

#### বাংলা

৬১) আবু বাকরা (রাঃ) হতে বর্ণিত, তিনি বলেনঃ বিদায় হজের দিন রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম উটের উপর বসলেন। এক ব্যক্তি উটের লাগাম ধরে দাঁড়িয়ে ছিল। অতঃপর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম উপস্থিত জনতাকে লক্ষ্য করে বললেনঃ বল তো আজকের দিনটি কোন্ দিন? আমরা এই ভেবে চুপ থাকলাম যে, হয়ত নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম পুরাতন নামের পরিবর্তে আজকের দিনকে নতুন কোন নামে নামকরণ করবেন। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বললেনঃ এটি কি কুরবানীর দিন নয়? আমরা বললামঃ হ্যাঁ। তিনি আবার জিজ্ঞেস করলেনঃ এটি কোন্ মাস? এবারও আমরা এই ভেবে চুপ থাকলাম যে, হয়ত নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এই মাসকে নতুন কোন নামে নামকরণ করবেন। তিনি বললেনঃ এটি কি যুল-হজ্জ মাস নয়? আমরা বললামঃ হ্যাঁ। অতঃপর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বললেনঃ আজকের দিন তোমাদের নিকট যেমন পবিত্র, এই মাস তোমাদের কাছে যেমন পবিত্র, এই শহর তোমাদের কাছে যেমন পবিত্র তেমনি তোমাদের রক্ত, তোমাদের সম্পদ এবং তোমাদের সম্মান পরস্পরের জন্য হারাম (হস্তক্ষেপের অনুপযুক্ত)। উপস্থিত লোকেরা যেন আমার বাণী অনুপস্থিত লোকদের পোঁছিয়ে দেয়। কেননা উপস্থিত ব্যক্তি সম্ভবতঃ এমন লোককে পোঁছিয়ে দিবে, যে তার চেয়ে এই বাণী অধিক সংরক্ষণকারী।



### **English**

The Statement of the Prophet (saws): It is probable that a person who receives a piece of information indirectly may comprehend it better than he who has heard it directly from its source

#### Narrated `Abdur-Rahman bin Abi Bakra's father:

Once the Prophet () was riding his camel and a man was holding its rein. The Prophet () asked, "What is the day today?" We kept quiet, thinking that he might give that day another name. He said, "Isn't it the day of Nahr (slaughtering of the animals of sacrifice)" We replied, "Yes." He further asked, "Which month is this?" We again kept quiet, thinking that he might give it another name. Then he said, "Isn't it the month of Dhul-Hijja?" We replied, "Yes." He said, "Verily! Your blood, property and honor are sacred to one another (i.e. Muslims) like the sanctity of this day of yours, in this month of yours and in this city of yours. It is incumbent upon those who are present to inform those who are absent because those who are absent might comprehend (what I have said) better than the present audience."

## ফুটনোট

ইসলামিক ফাউন্ডেশনঃ ৬৭ ইসলামিক সেন্টারঃ ৬৭

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আলোকিত প্রকাশনী 🛘 বর্ণনাকারীঃ আবূ বাকরা (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন